# এইচ এস সি পরীক্ষা ২০২০ এর মডেল প্রশ্ন (সকল বোর্ড এর জন্য)

যুক্তিবিদ্যা প্রথম পত্র

বিষয় কোড : | ১ | ২ | ১ |

সময়-২ ঘণ্টা ৩০ মিনিট

সৃজনশীল প্রশ্ন

পূর্ণমান: ৭০

[দ্রষ্টব্য : ডান পাশের সংখ্যা প্রশ্নের পূর্ণমান জ্ঞাপক। প্রদত্ত উদ্দীপকগুলো মনোযোগসহকারে পড় এবং সংশ্লিষ্ট প্রশ্নের উত্তর দাও। যে কোনো সাতটি প্রশ্নের উত্তর দিতে হবে।]

**১. ▶ দৃশ্যকল্প-১**

মি: জামিল একজন অমায়িক ব্যক্তি, বন্ধু মহলসহ কর্মক্ষেত্রে তিনি সর্বদা প্রশংসিত। কারণ যেকোন পরিস্থিতিতে তিনি সত্যকে মেনে চলেন। অসত্যকে বর্জন করেন। সত্যের আদর্শকে ধারণ করে তিনি যুক্তিপূর্ণ কথার মাধ্যমে অন্যের মূল্যহীন কথাকে খণ্ডন করেন।

**দৃশ্যকল্প-২**

শামীম কৃষিবিদ্যায় বিশ্ববিদ্যালয়ের ডিগ্রি অর্জন করে গ্রামের বাড়িতে একটি কৃষি খামার প্রতিষ্ঠা করেন। সেখানে বিভিন্ন ধরনের গাছে তিনি সঠিক ভাবে সার ও কীটনাশক প্রয়োগ করেন। ফলে খামারে ফলনও ভাল হয়। তিনি গ্রামের মানুষকে কৃষি বিষয়ক বিভিন্ন বিষয় হাতে কলমে শিক্ষা দেন।

ক. যুক্তিবিদ্যা কী? ১

খ. এরিস্টটলকে যুক্তিবিদ্যার জনক বলা হয় কেন? ২

গ. দৃশ্যকল্প-১ এ "যুক্তিবিদ্যার আদর্শনিষ্ঠ দিকটি ফুটে উঠেছে।" ব্যাখ্যা কর। ৩

ঘ. দৃশ্যকল্প-২ এ তুমি কি মনে কর যুক্তিবিদ্যার সামগ্রিক দিক ফুটে উঠেছে? মতামত দাও। ৪

**২. ▶**

| চিত্র-১ | চিত্র-২ |
|---|---|
| ↓ জীববৃত্তি | ↑ জীববৃত্তি + বুদ্ধিবৃত্তি + জাত্রত্ব |
| ↓ জীববৃত্তি + বুদ্ধিবৃত্তি | ↑ জীববৃত্তি + বুদ্ধিবৃত্তি |
| ↓ জীববৃত্তি + বুদ্ধিবৃত্তি + জাত্রত্ব | ↑ জীববৃত্তি |

ক. Terminus শব্দের অর্থ কী? ১

খ. 'এবং' 'অথবা' শব্দগুলোকে সহপদযোগ্য শব্দ বলা হয় কেন? ২

গ. চিত্র-১ ও চিত্র-২ এ যে বিষয় দু'টিকে ইঙ্গিত করেছে পাঠ্য বইয়ের আলেকে তা ব্যাখ্যা কর। ৩

ঘ. চিত্র-১ ও চিত্র-২ এ মধ্যে পারস্পারিক সম্পর্ক কতটা ত্রুটিযুক্ত পাঠ্য বইয়ের আলোকে বিশ্লেষণ কর। ৪

**৩. ▶** পিরোজপুর সরকারি মহিলা কলেজে অনুষ্ঠিত এক কর্মশালায় প্রশিক্ষক প্রশিক্ষণার্থীদের উদ্দেশ্যে বললেন, মধ্যাহ্নভোজের পর আপনারা চা অথবা কফি

Teachingbd24.com

পাবেন। এ কথা শুনে একজন প্রশিক্ষণার্থী বললেন- আমি চা এবং কফি দুটোই পান করব। প্রশিক্ষক হেসে বললেন, আপনারা যে কোন একটা পাবেন।

ক. একটি যুক্তিবাক্যের কয়টি অংশ থাকে? ১

খ. কোন ধরনের বাক্যকে প্রাকল্পিক যুক্তিবাক্য বলা হয়? ২


গ. উদ্দীপকে প্রশিক্ষকের প্রথম বক্তব্যে কোন প্রকারের যুক্তিবাক্যের ইঙ্গিত রয়েছে? ব্যাখ্যা কর। ৩

ঘ. উদ্দীপকে প্রশিক্ষক ও প্রশিক্ষণার্থীর বক্তব্যের তুলনামূলক আলোচনা কর। ৪


**৪.▶ নিচের ছকটি লক্ষ্য কর এবং প্রশ্নগুলো উত্তর দাও:**



A চিত্র-১ B



A চিত্র- ২ B



A চিত্র-৩ B

এখানে A = উদ্দেশ্য

B- বিধেয়

ক. সার্বিক সংশ্লেষক যুক্তিবাক্য কাকে বলে? ১

খ. "পিতা" পদটি সাপেক্ষ পদ কেন? ২

গ. চিত্র-১ যে যুক্তিবাক্যকে নির্দেশ করে, তা ব্যাখ্যা কর। ৩

ঘ. পাঠ্য বইয়ের আলোকে চিত্র-২ ও চিত্র-৩ এর তুলনামূলক বিশ্লেষণ কর। ৪

Teachingbd24.com

**৫.▶** বৈশাখী মেলায় কবিতা ও সবিতা সার্কাস দেখতে গেল। সার্কাসে হাতি, ঘোড়া, বাঘ ও সিংহের খেলা দেখার পর কবিতা বলল, এই পশুগুলো শক্তিশালী হলেও এরা মানুষের বশীভূত। কারণ এদের বশীভূত করার ক্ষমতা মানুষের আছে। সবিতা বলল, আমি তোমার সাথে এক মত, অথচ দেখ মানুষও এই পশুগুলো একই রকম এবং একই শ্রেণির অন্তর্ভুক্ত।

ক. বিধেয় কী? ১

খ. বিধেয়ক কোনো পদ নয় কেন? ২

গ. কবিতার বক্তব্যে মানুষের কোন গুণটি ফুটে উঠেছে? ব্যাখ্যা কর। ৩

ঘ. সবিতার বক্তব্যে মানুষ ও সার্কাসের অন্যান্য পশুর মধ্যে যে অন্তঃসম্পর্ক বিদ্যমান, তা বিশ্লেষণ কর। ৪

**৬.▶ নিচের ছকটি লক্ষ্য কর এবং প্রশ্নগুলোর উত্তর দাও:**

| উদাহরণ-১ | উদাহরণ-২ |
| --- | --- |
| সকল p হয় q<br>∴ সকল q হয় p | কোনো R নয় S<br>∴ কোনো S নয় R |

ক. অনুমান কাকে বলে? ১

খ. মাধ্যম ও অমাধ্যম অনুমানের পার্থক্য দেখাও। ২

গ. উদাহরণ-২ এ যা করা হয়েছে, তা ব্যাখ্যা কর। ৩

ঘ. উদাহরণ-১ এ যা করা হয়েছে তা পাঠ্য বইয়ের আলোকে ব্যাখ্যা ও বৈধতা বিচার কর। ৪

৭. ▶ দৃশ্যপট-১:

নেপালের ভয়াবহ ভূমিকম্পে অনেকের জীবন নষ্ট হয়েছে। এ সময় বাংলাদেশেও বেশ কয়েকবার মৃদু ভূমিকম্প অনুভূত হয়। বৃষ্টি তার মামার নিকট ভূমিকম্পের অজানা কারণটি জানতে চায়। বৃষ্টি এ সিদ্ধান্ত করে যে, ভূমিকম্প মানুষের জীবন নষ্ট করে।

দৃশ্যপট-২:

দেশের প্রায় সব জেলাতেই আর্সেনিকের উপস্থিতি পাওয়া গেছে। আমরা বৈজ্ঞানিক গবেষণার কারণে বিশুদ্ধ পানি ও আর্সেনিক যুক্ত পানি সহজে আলাদা করতে পারি। আর্সেনিক হয় বিষাক্ত।

ক. আরোহ কাকে বলে? ১

খ. আরোহের আকারগত ভিত্তি কেন প্রয়োজন? ২

গ. দৃশ্যকল্প-২ এ যুক্তিবিদ্যার কোন দিক নির্দেশ করা হয়েছে, তা ব্যাখ্যা কর। ৩

ঘ. দৃশ্যকল্প-১ ও দৃশ্যকল্প-২ এ মধ্যে পাঠ্য বই অনুসারে পার্থক্য আলোচনা কর। ৪

৮. ▶ সকল সাহিত্যিক হন সংগীতপ্রিয়

নাহিদ হয় সাহিত্যিক

∴ নাহিদ হয় সংগীতপ্রিয়।

যুক্তি-১

সকল হাডুডু খেলোয়াড় হয় স্বাস্থ্য সচেতন

∴ কিছু স্বাস্থ্য সচেতন ব্যক্তি হয় হাডুডু খেলোয়াড়।

যুক্তি-২

গোলাপ ফুল হয় সুন্দর।

ডালিয়া ফুল হয় সুন্দর।

কাঠাল চাঁপা ফুল হয় সুন্দর।

∴ সকল ফুল হয় সুন্দর।

যুক্তি-৩

ক. অবরোহ অনুমান কী? ১

খ. অবরোহ অনুমান কি সব সময় নিশ্চিত সত্য প্রকাশ করতে পারে? ব্যাখ্যা কর। ২

https://teachingbd24.com

গ. ৩নং যুক্তিটি অনুমানের কোন প্রকারকে নির্দেশ করেছে? ব্যাখ্যা কর। ৩

ঘ. যুক্তি-১ ও যুক্তি-২ এর মধ্যে তুলনামূলক পার্থক্য আলোচনা কর। ৪

**৯.** ▶ আষাঢ় মাসের শুরু থেকেই আকাশে মেঘের ঘনঘটা। টানা বৃষ্টিতে মাঠ-ঘাট, খাল-বিল, নদী-নালা পানিতে টইটুম্বর। প্রকৃতির এমন আচরণে সবাই অবাক। এভাবে আরো দু'দিন বৃষ্টি হলে বন্যা অনিবার্য। তাই বলা যায়, অধিক বৃষ্টিই বন্যার কারণ।

ক. 'কূটাভাস' শব্দের অর্থ কী? ১

খ. একটি চিত্রের সাহায্যে বহুকারণবাদ ব্যাখ্যা কর। ২

গ. উদ্দীপকের শেষ বাক্যে যে অনুপপত্তি ঘটেছে তা তোমার পাঠ্য বইয়ের আলোকে ব্যাখ্যা কর। ৩

ঘ. উদ্দীপকে যে নিয়মের কথা বলা হয়েছে তা পাঠ্য বইয়ের আলোকে বিশ্লেষণ কর। ৪

**১০.** ▶ ১৯৫২ সালের ২১শে ফেব্রুয়ারি মহান শহীদ ও আন্তর্জাতিক মাতৃভাষা দিবস। প্রতি বছর আমরা দিবসটি যথাযথ মর্যাদায় উদযাপন করি। জাতীয় পতাকা উত্তোলন করি সকল সরকারি বেসরকারি অফিস ও ব্যক্তি প্রতিষ্ঠানে। আমরা কালো ব্যাজ ধারণ করি। শহীদ মিনারে পুস্পস্তবক দিয়ে শ্রদ্ধা নিবেদন করি। ফাল্গুন মাসে মেঘ বা বৃষ্টি বিহীন দিবসটি উৎযাপন করি।

ক. বৈকল্পিক বাক্যের একটি উদাহরণ দাও। ১

খ. সংযৌগিক অপেক্ষকের মান কখন সত্য হয়? ২

গ. উদ্দীপকে বর্ণিত কালো ব্যাজ জাতীয় পতাকা, শহীদ মিনার ইত্যাদি বিষয় পাঠ্যবইয়ের আলোকে ব্যাখ্যা কর। ৩

ঘ. উদ্দীপকের মেঘের সাথে জাতীয় পতাকা পার্থক্য পাঠ্যবই অনুসারে আলোচনা কর। ৪

**১১.** ▶ **দৃশ্য-১:** শ্রেণি কক্ষে শিক্ষক সঠিক উত্তর "√" এবং ভুল উত্তরকে "×" চিহ্ন দিয়ে প্রকাশ করলেন।

**দৃশ্য-২:** শান্তা "p.q" দ্বারা 'উর্মি ও বৃষ্টি হয় ভাল ছাত্রী।' বাক্যটি প্রতীকায়িত করল।

ক. প্রতীক কী? ১

খ. সংকেত কত প্রকার ও কী কী? ২

গ. দৃশ-২ এ শান্তার প্রতীকায়িত বাক্যটির সত্যমান নির্ণয় কর। ৩

ঘ. দৃশ্য-১ এ শিক্ষক যে পদ্ধতি ব্যবহার করেছেন তা যুক্তির বিচারে অত্যন্ত কার্যকর- উক্তিটি মূল্যায়ন কর। ৪

https://teachingbd24.com

# যুক্তিবিদ্যা প্রথম পত্র

বিষয় কোড | ১ | ২ | ১ |

সময় — ৩০ মিনিট

## বহুনির্বাচনি অভীক্ষা

পূর্ণমান — ৩০

*[বিশেষ দ্রষ্টব্য: —সরবরাহকৃত বহুনির্বাচনি অভীক্ষার উত্তরপত্রে প্রশ্নের ক্রমিক নম্বরের বিপরীতে প্রদত্ত বর্ণসম্বলিত বৃত্তসমূহ হতে সঠিক/সর্বোৎকৃষ্ট উত্তরের বৃত্তটি (●) বল পয়েন্ট কলম দ্বারা সম্পূর্ণ ভরাট কর। প্রতিটি প্রশ্নের মান ১।]*


১. অপ্রকৃত আরোহ কতো প্রকার?
ক) ৩ খ) ৪
গ) ৫ ঘ) ৬

২. কুমিল্লার চেয়ে ঢাকার মৃত্যু সংখ্যা বেশি। সুতরাং ঢাকা একটি অস্বাস্থ্যকর স্থান — যুক্তিটিতে কোন ধরনের অনুপপত্তি ঘটেছে?
ক) দৃষ্টান্তের অনিরীক্ষণ
খ) প্রয়োজনীয় অবস্থার অনিরীক্ষণ
গ) ব্যক্তিগত ভ্রান্ত নিরীক্ষণ
ঘ) সার্বজনীন ভ্রান্ত নিরীক্ষণ

৩. দ্বিকল্প সহানুমানের সিদ্ধান্তটি হলো —
ক) প্রাকল্পিক বা নিরপেক্ষ যুক্তিবাক্য
খ) প্রাকল্পিক যুক্তিবাক্য
গ) নিরপেক্ষ বা বৈকল্পিক যুক্তিবাক্য
ঘ) বৈকল্পিক যুক্তিবাক্য

৪. প্রাকল্পিক নিরপেক্ষ সহানুমান কয় প্রকার?
ক) ২ খ) ৩
গ) ৪ ঘ) ৫

৫. নিচের চিত্রটি কোন সংস্থানকে নির্দেশ করে—




ক) ১ম সংস্থান খ) ২য় সংস্থান
গ) ৩য় সংস্থান ঘ) ৪র্থ সংস্থান

৬. 'মানুষ' পদের জাত্যর্থ হলো —
ক) বুদ্ধিবৃত্তি ও বিচারশক্তি
খ) জীববৃত্তি ও বিচারশক্তি
গ) জীববৃত্তি ও বুদ্ধিবৃত্তি
ঘ) বিচারশক্তি ও সততা

**নিচের অনুচ্ছেদটি পড়ে ৭ ও ৮ নং প্রশ্নের উত্তর দাও:**

এখন শীতকাল। বেশ ঠান্ডা পড়েছে। মা তার সন্তানকে বলেন, 'যদি তুমি স্কুলে যাও তবে সুয়েটার গায়ে দিয়ে যাবে।' সন্তান বললো, 'আমি স্কুলে সুয়েটার গায়ে দিয়ে যাব।'

৭. উদ্দীপকে 'সুয়েটার গায়ে' দেয়া কোন ধরনের অবান্তর লক্ষণ?
ক) ব্যক্তিগত অবিচ্ছেদ্য অবান্তর লক্ষণ
খ) ব্যক্তিগত বিচ্ছেদ্য অবান্তর লক্ষণ
গ) জাতিগত অবিচ্ছেদ্য অবান্তর লক্ষণ
ঘ) জাতিগত বিচ্ছেদ্য অবান্তর লক্ষণ

৮. মা ও সন্তানের বক্তব্য হলো— ।
ক) নিরপেক্ষ ও বৈকল্পিক যুক্তিবাক্য
খ) প্রাকল্পিক ও নিরপেক্ষ যুক্তিবাক্য
গ) নিরপেক্ষ ও প্রকল্পিক যুক্তিবাক্য
ঘ) বৈকল্পিক ও প্রাকল্পিক যুক্তিবাক্য

৯. সত্য সারণি বলতে বোঝায় —
i. তালিকা ii. ছক
iii. সত্যতা
নিচের কোনটি সঠিক?
ক) i ও ii খ) ii ও iii
গ) i ও iii ঘ) i, ii ও iii

১০. কোনটিকে 'সব বিজ্ঞানের মূল বিজ্ঞান' বলা হয়?
ক) কম্পিউটার বিজ্ঞান
খ) গণিত
গ) যুক্তিবিদ্যা
ঘ) নীতিবিদ্যা

১১. যুক্তিবিদ্যার মূল আলোচ্য বিষয় হলো—
ক) সংবেদন খ) স্মৃতি
গ) অনুধান ঘ) কল্পনা

১২. Logos শব্দের অর্থ কী?
ক) বুদ্ধি বা মেধা খ) স্মৃতি বা কল্পনা
গ) চিন্তা বা ভাষা ঘ) যুক্তি বা অনুমান

১৩. অবধারণ বলতে বোঝায়—
i. মানসিক ধারণা
ii. চৈতন্যর প্রাথমিক স্তর
iii. সার্বিক ধারণা
নিচের কোনটি সঠিক?
ক) i ও ii খ) i ও iii
গ) ii ও iii ঘ) i, ii ও iii

১৪. নন্দনতত্ত্বের আলোচ্য বিষয় কোনটি?
ক) সত্যতা খ) মঙ্গল
গ) শান্তি ঘ) সৌন্দর্য

১৫. জাতি ও উপজাতি পদ দুটি পরস্পর—
ক) নিরপেক্ষ পদ খ) সাধারণ পদ
গ) সাপেক্ষ পদ ঘ) গুণবাচক পদ

১৬. সম্বন্ধ অনুসারে যুক্তিবাক্যের শ্রেণিবিভাগ কোনটি?
ক) সরল ও যৌক্তিক
খ) নিরপেক্ষ ও সাপেক্ষ
গ) সদর্থক ও নঞর্থক
ঘ) সার্বিক ও বিশেষ

Teachingbd24.com

নিচের অনুচ্ছেদটি পড়ে ১৭ ও ১৮ নং প্রশ্নের উত্তর দাও:

আজ মিনুর জন্মদিন। তার বন্ধুরা সুন্দর একটি ফুলের তোড়া ও জন্মদিনের কেক নিয়ে বাসায় এলো। বন্ধুদের কাছ থেকে এমন উপহার পেয়ে মিনু ভীষণ খুশি হলো এবং মনে মনে চিন্তা করলো, "সব সুন্দরই হলো আনন্দের।"

১৭. "সব সুন্দরই হলো আনন্দের" — চিন্তাটি হলো—
ⓚ অবধারণ ⓚ যুক্তিবাক্য
ⓖ ব্যাকরণের বাক্য ⓖ আবেগ

১৮. উদ্দীপকে উল্লিখিত "জন্মদিন" পদটি কোন ধরনের বিধেয়ককে নির্দেশ করে?
i. লক্ষণ
ii. উপলক্ষণ
iii. অবান্তর লক্ষণ
নিচের কোনটি সঠিক?
ⓚ i ⓚ ii
ⓖ iii ⓖ i, ii ও iii

১৯. "যুক্তিবাক্য হচ্ছে এমন কিছু যা অর্থপূর্ণভাবে সত্য বা মিথ্যা হতে পারে।" উক্তিটি কার?
ⓚ ওয়েলটন ⓚ যোসেফ
ⓖ এম. কপি ⓖ স্টেবিং

২০. কোন গুণটি "মানুষ" পদের অবান্তর লক্ষণ।
ⓚ জীববৃত্তি ⓚ বুদ্ধিবৃত্তি
ⓖ হাস্যপ্রিয়তা ⓖ মরণশীলতা

২১. আরোহের আকারগত ভিত্তি কী কী?
ⓚ নিরীক্ষণ ও পরীক্ষণ
ⓚ প্রকৃতির নিয়ম ও কার্যকারণ নিয়ম
ⓖ নিরীক্ষণ ও কার্যকারণ নিয়ম
ⓖ পরীক্ষণ ও প্রকৃতির নিয়ম

২২. সহানুমানে যে পদটি উভয় আশ্রয়বাক্যে থাকে কিন্তু সিদ্ধান্তে থাকে না তাকে বলা হয়—
ⓚ প্রধান পদ ⓚ অপ্রধান পদ
ⓖ মধ্যপদ ⓖ বিশিষ্ট পদ

২৩. পরীক্ষণের সুবিধা হলো —
i. ইচ্ছামত ঘটনার সৃষ্টি
ii. পারিপার্শ্বিক অবস্থার পরিবর্তন
iii. সিদ্ধান্ত নিশ্চিত
নিচের কোনটি সঠিক?
ⓚ i ও ii ⓚ ii ও iii
ⓖ i ও iii ⓖ i, ii ও iii

২৪. কারণকে বিশ্লেষণ করলে কোন ধরনের শর্ত পাওয়া যায়?
ⓚ সদর্থক শর্ত
ⓚ নঞর্থক শর্ত
ⓖ সদর্থক ও নঞর্থক শর্ত
ⓖ আবশ্যিক শর্ত

২৫. DARAPTI কোন সংস্থানের বৈধ মূর্তি?
ⓚ ১ম সংস্থান
ⓚ ২য় সংস্থান
ⓖ ৩য় সংস্থান
ⓖ ৪র্থ সংস্থান

২৬. অ্যারিস্টটলের মতে বিধেয়ক কতো প্রকার?
ⓚ দুই ⓚ তিন
ⓖ চার ⓖ পাঁচ

২৭. বিবরণিক যুক্তিবাক্য কোনটি?
ⓚ রফিক সম্ভবত আগামীকাল আসবে
ⓚ সকল কাক হয় কালো
ⓖ দুই আর দুই হয় চার
ⓖ রাতে বৃষ্টি হতে পারে

নিচের অনুচ্ছেদটি পড়ে ২৮ ও ২৯ নং প্রশ্নের উত্তর দাও:

শীতের ছুটিতে জামাল ও বদরুল রাঙামাটি ভ্রমণের সিদ্ধান্ত নিলো। জামাল বললো, "যদি রুম খালি পাই তবে পর্যটন হোটেলে থাকবো।" ক্যালেন্ডারে রাঙামাটির ঝুলন্ত সেতুর দৃশ্য দেখে বদরুল বললো, "অপরূপ দৃশ্য।"

২৮. উদ্দীপকে জামালের বক্তব্য কোন ধরনের যুক্তিবাক্য?
ⓚ নিরপেক্ষ যুক্তিবাক্য
ⓚ প্রাকল্পিক যুক্তিবাক্য
ⓖ বৈকল্পিক যুক্তিবাক্য
ⓖ সরল যুক্তিবাক্য

২৯. উদ্দীপকে জামাল ও বদরুলের বক্তব্য দুটি—
ⓚ শর্তযুক্ত ও নিরপেক্ষ যুক্তিবাক্য
ⓚ নিরপেক্ষ ও শর্তযুক্ত যুক্তিবাক্য
ⓖ উভয়ই শর্তযুক্ত যুক্তিবাক্য
ⓖ উভয়ই নিরপেক্ষ যুক্তিবাক্য

৩০. 'সকল আম মিষ্টি নয়' — বাক্যটির যৌক্তিক রূপ কোনটি?
ⓚ সকল আম হয় মিষ্টি
ⓚ কিছু আম হয় মিষ্টি
ⓖ কিছু আম নয় মিষ্টি
ⓖ কোনো আম নয় মিষ্টি

| | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | |
|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|
| ১ | ক | ২ | ক | ৩ | গ | ৪ | ক | ৫ | খ | ৬ | গ | ৭ | খ | ৮ | খ | ৯ | ক | ১০ | গ | ১১ | গ | ১২ | গ | ১৩ | ঘ | ১৪ | ঘ | ১৫ | গ |
| ১৬ | খ | ১৭ | ক | ১৮ | গ | ১৯ | ঘ | ২০ | গ | ২১ | খ | ২২ | গ | ২৩ | ঘ | ২৪ | গ | ২৫ | গ | ২৬ | ঘ | ২৭ | খ | ২৮ | খ | ২৯ | ক | ৩০ | ঘ |

https://teachingbd24.com